দৈনিক সংবাদ

JUL 1 5 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১৭ কলাম ৬...

# শিক্ষামন্ত্রীর বক্তব্যে অভিভাবক ও শিক্ষার্থীদের বিরূপ প্রতিক্রিয়া

নিজস্ব বার্তা পরিবেশক : ভিকারুননিসা নূন স্কুল ও কলেজের শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুকের বক্তব্য বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করেছে।

গতকাল একুশে টেলিভিশনের সন্ধ্যার খবরে তার বক্তব্য প্রচারিত হওয়ার পরই বেশ কিছু অভিভাবক ও শিক্ষার্থী স্কুল ও কলেজ ক্যাম্পাসে ছুটে আসেন। জানা গেছে, আগে থেকেই ক্যাম্পাসে কয়েকজন শিক্ষক, অভিভাবক অবস্থান করছিলেন। অভিভাবক ও শিক্ষার্থীরা আজ সোমবার থেকে রাজধানীর রাস্তায় রাস্তায় মিছিলসহ আরও জোরদার কর্মসূচি পালনের সিদ্ধান্ত নিয়েছে বলে জানা গেছে। ফোনে কয়েকজন অভিভাবক ও শিক্ষকের সঙ্গে আলাপ করলে তারা বলেন, "সরকার অযথা পরিস্থিতি ঘোলাটে করছে। প্রয়োজনে স্কুলে সরকারি অনুদান নেয়া হবে না। তবুও সরকারি সিদ্ধান্ত কোন অবস্থাতেই মানা হবে না।"

তারা বলেন, 'সরকারের হঠকারি সিদ্ধান্তের ফলে উদ্ভূত যেকোন পরিস্থিতির পরিণাম সরকারের জন্য ভাল হবে না। একটি ঐতিহ্যবাহী প্রতিষ্ঠানকে সরকারের হীন রাজনীতির কারণে ধ্বংস হতে দেয়া হবে না।

তারা দেশের সকল বিবেকবান মানুষকে এ আন্দোলনের সঙ্গে সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান।

এ দিকে গতকাল আওয়ামী লীগ ও ছাত্রলীগের পক্ষ থেকে তাদের ভাষায় ভিকারুননিসা স্কুল ও কলেজের জনপ্রিয় ও যোগ্য অধ্যক্ষকে অপসারণের সরকারি প্রচেষ্টার নিন্দা জানিয়ে বিবৃতি দেয়া হয়েছে।

বিবৃতিতে বলা হয়, ঐতিহ্যবাহী এ প্রতিষ্ঠানের স্বার্থেই প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ, শিক্ষক ও অভিভাবকরা হামিদা আলীর চাকরির মেয়াদ বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে; কিন্তু সরকার শিক্ষার্থী, অভিভাবক, পরিচালনা পর্ষদ সকলের জনমত উপেক্ষা করে তাদের দলীয় স্বার্থে তাকে অপসারণের চেষ্টা করছে। যার কারণে ইতিহাসে প্রথমবারের মতো এ প্রতিষ্ঠানের শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবকরা রাস্তায় নেমেছে। এ ছাড়া বিবৃতিতে উদয়ন স্কুলের অধ্যক্ষ শ্যামলী নাসরীন চৌধুরীকে মেয়াদশেষ হওয়ার আগেই অপসারণের নিন্দা জানান।